

বিষয়বস্তু:

ছাত্র/ছাত্রীদের লাইভ সেশনের প্রটোকল
সময়সূচী
প্রত্যাশা
গোগল মিট - এর ব্যবহার

ছাত্র/ছাত্রীদের লাইভ সেশনের প্রটোকল
সময়সূচী

- ছাত্র/ছাত্রীরা অবশ্যই তাদের নিয়মিত সময়সূচী অনুযায়ী ক্লাসে উপস্থিত থাকবে। নিম্নে লাইভ ক্লাসের সময়সূচী দেওয়া হলো:

লেসন ১ঃ	০৮.৩০	
লেসন ২ঃ	০৯.২০	
লেসন ৩ঃ	১০.৫০	
লেসন ৪ঃ	১১.৪০	(লোয়ার স্কুল লাঞ্চ)
লেসন ৫ঃ	১২.৩০	(আপার স্কুল লাঞ্চ)
লেসন ৬ঃ	১৩.২০	
লেসন ৭ঃ	১৪.১০	

- ইয়ার ৭ এবং ইয়ার ৮ এর স্পেশিয়েলিস্ট কারিকুলামের লেসনগুলো ভারচ্যুয়েল ক্লাসে থাকবে না। যে সকল ছাত্র/ছাত্রীরা ট্রিপল সাইন্স পড়ছে তারা ছাড়া, ইয়ার ১০ এর বাকী সবার লেকচার সিরিজের ক্লাসগুলোও ভারচ্যুয়েল ক্লাসে থাকবে না।

প্রত্যাশা করা হচ্ছে,

- ছাত্র/ছাত্রীরা অবশ্যই টিচার্সদের প্রতি সদয়, সহানুভূতিশীল এবং সহযোগী মনভাবাপন্ন থাকবে। একইভাবে ভারচ্যুয়েল ক্লাসে অংশগ্রহণকারী সকলের প্রতি সদয়, সহযোগী এবং সহানুভূতিশীল থাকবে।

- ছাত্র/ছাত্রীরা সকল সময় তাদের ব্যবহারে প্রমাণ করবে যে তারা তাদের বাওয়ানডারী সম্পর্কে অবগত আছে।

- টিচার্সগণ প্রত্যেকটা লাইভ ক্লাসের শুরুতে স্পষ্ট প্রত্যাশাগুলোকে (এক্সপ্লিসিট এক্সপেক্টেশন) ঘোষণা করবেন। এই প্রত্যাশাগুলোকে অবশ্যই মানতে হবে। না মানলে ফলাফল হবে সেংশন।

- লাইভ সেশন চলাকালীন সময়ে ছাত্র/ছাত্রীরা অবশ্যই যথাযথ পোশাক পরিধান করে বাড়ীর মধ্যকার উপযুক্ত যায়গায় থাকবে (অবশ্যই বেডরুমে থাকবে না)।

- লাইভ সেশন চলাকালীন সময়ে ছাত্র/ছাত্রীরা **অবশ্যই** যথাযথ আচরন করবে এবং অন্যান্য যারা থাকবেন তারাও শিক্ষার্থীদের ক্লাসের সময় যথাযথ পরিবেশ বজায় রাখবেন অহেতুক শব্দ না হওয়ার দিকে খেয়াল রাখবেন।

- টিচার্সগণ স্বাভাবিক ক্লাসরুমে মতো ভারচুয়েল ক্লাস ম্যানেজ করবেন। এর অর্থ হলো টিচার্সগনই নির্ধারণ করবেন কখন উয়েবকাম (ক্যামেরা) অন থাকবে বা কখন মাইক্রোফন অন থাকবে ইত্যাদি।

- যদি কোন ছাত্র/ছাত্রী লাইভ ক্লাসে কোন সমস্যার সৃষ্টি করে অথবা কোন স্টাফ মেম্বার মনে করেন তার কার্যকলাপ যথাযথ হচ্ছে না তখন টিচার ছাত্র/ছাত্রী - কে সতর্ক করতে পারেন আবার প্রয়োজনে ক্লাস থেকে সরিয়ে নিতেও পারেন।

- এই নিয়মাবলী পালনে ব্যর্থ হলে 'গো ফর স্কুলে' কসসার্ন লেখা হবে এবং পেট্টোরাল ম্যানজোর পরে বিষয়টি ফলো করবেন।

- সকল ক্লাসে এটেনডেন্স রেজিস্টার নিয়মিত ব্যবহার করা হবে এবং অনুপস্থিতিকে নিয়ম মাফিক অনুসন্ধান করা হবে।

'গোগল মিট' এর ব্যবহার

- 'গোগল মিট' এর মাধ্যমে সকল লাইভ ক্লাসের ব্যবস্থা করা হবে। টিউটর / টিচার্সগণ সিকিওর লিংক এর মাধ্যমে তাদের ছাত্র/ছাত্রীদের সেশন শেয়ার করবেন। এই সেশনগুলো 'হোম লার্নিং টাইমটেবল' এবং 'গোগল ক্লাসরুমে' পাওয়া যাবে।

- প্রত্যেকটা অন লাইন ক্লাস শুরু হওয়ার সময়ে **গোগল মিট লিংকস** একটিভ হবে। ক্লাসের নির্ধারিত সময়ের আগে যদি লিংক প্রবেশের চেষ্টা করা হয় তাহলে **এরার মেসেজ** আসবে। যদি এরার মেসেজ আসে তাহলে দয়া করে কয়েক মিনিট পরে আবার চেষ্টা করুন।

- গোগল মিট এর লাইভ সেশনে প্রবেশের জন্য ছাত্র/ছাত্রীদেরকে স্কুলের উয়েবসাইটে তাদের "গোগল মিট" একাউন্টে **লগ ইন** করতে হবে। স্কুলের উয়েবসাইটে **লগ ইন** করার পরে ব্রাউজারে লিংক পেইন্ট করলেই লাইভ ক্লাসে ঢুকতে পারবে।

পুনশ্চ (NB) : ছাত্র/ছাত্রীরা ব্রাউজার রিফ্রেশ করার জন্য জি মেইল বা গোগল একাউন্ট থেকে লগ আউট করতে হতে পারে।

- ছাত্র/ছাত্রীরা যে গ্রুপের মেম্বার কেবল সে গ্রুপের লাইভ সেশনে ঢুকবে। লাইভ ক্লাসের বিপ্লতা সৃষ্টি করলে ফলাফল হতে পারে সেশন এমন কি গোগল মিট প্রবেশ থেকেও বাদ দেওয়া হয়ে যেতে পারে।

- ছাত্র/ছাত্রীরা এটেনডেন্স রেজিস্টারের সময় অবশ্যই তাদের ওয়েবকাম (ক্যামেরা) এবং মাইক্রোফন অন রাখবে। এটেনডেন্স রেজিস্টার শেষ হওয়ার পরপরই তারা তাদের ওয়েবকাম (ক্যামেরা) অফ করবে এবং মাইক্রোফন মিউট করে রাখবে। তবে টিচার হয়তো অন রাখতেও বলতে পারেন।

- ছাত্র/ছাত্রীরা প্রশ্ন করা এবং জবাব দেওয়ার জন্য "গোগল মিট" এর **টেস্ট চ্যাট ফাংশন** ব্যবহার করবে অথবা মাইক্রোফন ব্যবহার করবে যদি টিচার পারমিশন দেন।

- ছাত্র/ছাত্রীরা সকল লাইভ সেশনে অবশ্যই হেডফোন ব্যবহার করবে।
- লাইভ ক্লাস চলাকালীন সময়ে ওয়েবকাম বা অন্য কিছু যেমন মোবাইল ফোন বা ট্যাবলেট ইত্যাদির কোন অপব্যবহার করলে সেশন ইস্যু করা হবে।
- স্ক্রীন শর্ট বা ছবি তোলা সম্পূর্ণ নিষিদ্ধ।
- সকল লাইভ সেশনগুলো রেকর্ড করা হবে।